গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

## সূচীপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র........................................................................................................৩

উপক্রমণিকা........................................................................................................................................৪

সেকশন -১: কার্যাবলী..........................................................................................................................৫

সেকশন-২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচকএবং লক্ষ্যমাত্রাসমূহ.....................................................................৬-৭

সংযোজনী-১ শব্দ সংক্ষেপ (Acronyms) ..........................................................................................৯

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি..............................................১০-১১

সংযোজনী-৩ কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা....................................১২

# কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Dhaka Division, Department of Agricultural Marketing)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

কৃষক গ্রুপ গঠন, কৃষক প্রশিক্ষণ, বাজার তথ্য সংগ্রহ ও প্রচার, বাজার অবকাঠামো ও কৃষিপণ্যের মূল্য সংযোজন সুবিধা সৃষ্টি, শস্য সংরক্ষণ সুবিধা প্রদানের বিপরীতে ঋণ সুবিধা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষিপণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ওয়েবসাইটের (ইন্টারনেট) মাধ্যমে বাজার তথ্য সংগ্রহ ও প্রচার কার্যক্রম ১৭টি জেলায় সম্প্রসারণ করা হয়েছে। কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সমাপ্ত এনিসিডিপি, পাবা ও আইকিউএইচডিপি-১ম পর্ব (বিপণন অংগ) প্রকল্পের আওতায় ইতোপূর্বে নির্মিত সেন্ট্রাল মার্কেট, ১টি পাইকারী বাজার, ০৬টি রিফার ভ্যান ও ০৪টি কুল চেম্বার সম্পূর্ণভাবে চালুকরণসহ এগুলোর মাধ্যমে প্রয়োজনীয় বিপণন সেবা প্রদান অব্যাহত রয়েছে। মূল্য সংযোজন কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ০১টি অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মান করা হয়েছে। উক্ত সময়ে সর্বমোট ৪২০ জন কৃষাণ/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া শস্য গুদাম ঋণ কার্যক্রমের অধীনে ১২টি জেলায় বিদ্যমান ৩৪টি (চালু ২০টি) গুদামের মাধ্যমে ২৩৪৪ জন কৃষকের ২৭০০.৯০ মেট্রিক টন শস্য সংরক্ষণ এর বিপরীতে মোট ৫.৫৯ কোটি  টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

### বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

উপযুক্ত জনবলের অভাবে বিপণন সংশ্লিষ্ট অগ্র ও পশ্চাদ সংযোগ, মূল্য সংযোজন, সাপ্লাই চেইনসহ দল ও চুক্তি ভিত্তিক বিপণন যোগসূত্র স্থাপন কার্যক্রম ব্যহত হচ্ছে। এছাড়াও বন্ধ শস্য গুদাম সমূহ চালুকরণ, কৃষি বিপণন বিষয়ে দক্ষ জনবল সৃষ্টি, কৃষক ও ব্যবসায়ীদের সাথে মার্কেট লিংকেজ স্থাপন, পণ্য মোড়কীকরণের মাধ্যমে বাজারজাতকরণ, ইত্যাদি চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করা অত্যন্ত জরুরী। আধুনিক ও যুগোপযোগী বিপণন সেবা নিশ্চত করার জন্য প্রয়োজনীয় লজিস্টিকস্ যেমন: নিজস্ব অফিস ভবন, প্রশিক্ষন কেন্দ্র, যানবাহন ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রয়োজন।

### ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট বাজারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা এবং গুরুত্বপূর্ণ হাট-বাজার উৎপাদন এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা। আমদানী ও রপ্তানী বিষয়ে হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ এবং অধিক মুনাফা রোধকল্পে আমদানীকারক পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের সর্বোচ্চ মুনাফা অর্জনের পরিমাণ নির্ধারণ এবং কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ পর্যায়ে এবং ক্ষুদ্র উদ্যোক্ত পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান, পণ্য বিপণনে সহায়তার নিমিত্ত ব্রান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান করা। এছাড়া বন্ধ শস্য গুদাম সমূহ চালু করাসহ অন্যান্য চ্যালেঞ্জসমূহ দক্ষভাবে মোকাবেলা করা।

### ২০১৬-১৭ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- বাজার তথ্য বিষয়ে ৫২৮টি বুলেটিন এবং ৬৮০টি প্রতিবেদন প্রকাশ;
- ৫৯৫টি কৃষক বিপণন দল গঠন, ৫৯৫ জন কৃষক ও ২৫৫ জন কৃষি ব্যবসায়ী উদ্যোক্তাকে বাজার সংযোগ সুবিধা প্রদান;
- বাজার নিয়ন্ত্রন আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫) এর যথাযথ প্রয়োগ;
- ৩৪০ জন কৃষক ও ২০৪ জন কৃষি প্রক্রিয়াজাতকারীকে প্রশিক্ষণ প্রদান;
- ১২৪০ জন শগঋক সুবিধাভোগী কৃষকের ১২৭৫ মে:ট: শস্য জমার বিপরীতে ৪.০০ কোটি টাকা ঋণ বিতরণ।

**উপক্রমণিকা (Preamble)**

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন -১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা।

### ১.৪ কার্যাবলী (Functions):

১) কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ।

২) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

৩) গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান।

৪) কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা।

৬) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

৭) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান।

৮) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

## সেকশন-২

### কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং অগ্রাধিকার এর আলোকে ঢাকা বিভাগের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| কৌশলগত উদ্দেশ্য (strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (ক) কৃষি বিপণন অধিদপ্তরের ম্যান্ডেটেড কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা | ৮৫ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (১০) | ১.১.১ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ০৫ | ৪৯৮ | ৮৯৮ | ৫২৮ | ৪৭৬ | ৪২৫ | ৩৭৪ | ৩২৩ | ৬০০ | ৬৫০ |
| | | | ১.১.২ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ০৫ | ৫৬০ | ৮৫৮ | ৬৮০ | ৬০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৭০০ | ৭৫০ |
| | | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (৩০) | ১.২.১ গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ১০ | ৬৭০ | ৮০১ | ৫৯৫ | ৫৭৫ | ৫৫৫ | ৫৩০ | ৫০৫ | ৬৫০ | ৭০০ |
| | | | ১.২.২ বন্ধ বাজার চালুকৃত | সংখ্যা | ০২ | ১ | ১ | ০১ | - | - | - | - | ০২ | ০৩ |
| | | | ১.২.৩ আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | সংখ্যা | ০৩ | ০২ | ০৮ | ৩৪ | ৩০ | ২০ | ১৭ | ১৫ | ৩৪ | ৫১ |
| | | | ১.২.৪ ইস্যুকৃত নুতন লাইসেন্স | সংখ্যা | ০৫ | ১৩৫৪ | ২০৯৩ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১৪০০ | ১৪৫০ |
| | | | ১.২.৫ নবায়নকৃত লাইসেন্সের (বিদ্যমান) হার | % | ০৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | ১.২.৬ জমাকৃত নন-ট্যাক্স রাজস্ব | লক্ষ টাকা | ০৫ | ৪২.৪ | ৫৬.৯ | ৫৮.০ | ৫৫.০ | ৫২.০ | ৫০.০ | ৪৮.০ | ৬০.০ | ৬২.০ |
| | | ১.৩ উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষন ও অন্যান্য সহায়তা প্রদান (৩০) | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ০৫ | ২৩৯ | ৩৩৯ | ৩৪০ | ৩২০ | ৩০০ | ২৮০ | ২৬০ | ৩৮০ | ৪০০ |
| | | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৫ | ৮৪ | ১১৪ | ৫৯৫ | ৫৭৫ | ৫৫৫ | ৫৩০ | ৫০৫ | ৬৫০ | ৭০০ |
| | | | ১.৩.৩ শগস্ককভূক্ত প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ০৩ | - | ১৪০ | ২৫০ | ২২০ | ১৯০ | ১৭০ | ১৫০ | ৩০০ | ৩৫০ |
| | | | ১.৩.৪ শগস্কক সুবিধাপ্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৫ | ১১৯৪ | ১৬৪০ | ১২৪০ | ১২০০ | ১১৬০ | ১১০০ | ১০৪০ | ১৩০০ | ১৪০০ |
| | | | ১.৩.৫ জমাকৃত শস্যের পরিমান | মে:ট: | ০৩ | ১৪২২ | ২৪০৩ | ১২৭৫ | ১২০০ | ১১২৫ | ১০৫০ | ৯৭৫ | ১৩৫০ | ১৪৫০ |
| | | | ১.৩.৬ জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | কো: টা: | ০৩ | ৩.৭৫ | ৪.২২ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৩.২৫ | ৩.০০ | ৪.০০ | ৪.২৫০ |
| | | | ১.৩.৭ আদায়কৃত ঋণের হার | % | ০৩ | ১০০ | ১২২ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | ১.৩.৮ বন্ধ পুরাতন শস্য গুদাম চালুকৃত | সংখ্যা | ০৩ | — | — | ২ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ |
| | | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা (১৫) | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরী সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৪ | ১৩৮ | ১৬৮ | ২৫৫ | ২৩৮ | ২২১ | ২০৪ | ১৮৭ | ৩০০ | ৩৫০ |
| | | | ১.৪.২ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৬ | ৮০ | ১৫০ | ২০৪ | ২২১ | ২০৪ | ১৮৭ | ১৫৩ | ২৩০ | ২৫০ |
| | | | ১.৪.৩ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা | সংখ্যা | ০৩ | ১২০ | ২৫০ | ২৫৫ | ২৩৮ | ২২১ | ২০৪ | ১৮৭ | ৩০০ | ৩৫০ |
| | | | ১.৪.৪ প্রসেসিং সেন্টারের সুবিধা প্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০২ | ৩০ | ৪০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ১২ | ১৫ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৬-১৭ (Target Value: 2016-17) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| (খ) বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| ০২। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | ২.১ ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | ২.১.১ নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দপ্তর/ সংস্থায় দাখিলকৃত | তারিখ | ১ | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে | ২৯ মে |
| | | ২.২ ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ২.২.১ ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২.৩ ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ২.৩.১ নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ১৯ জানুয়ারী |
| ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | ৩.১ সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | ৩.১.১ প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | ৩.২ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ৩.২.১ ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়নে কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পারবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | ৩.২.২ নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| ০৪। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ১ | ৪.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ৪.১.১ তথ্য বাতায়ন হালনাগাদকৃত | সময় | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| ০৫। কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৪ | ৫.১ পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মন্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | ৫.১.১ পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মন্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৫.২ সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | ৫.২.১ কমপক্ষে ১টি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | | ৫.২.২ কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | ৫.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ৫.৩.১ নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| ০৬। কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | ৬.১ অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন রাখা | ৬.১.১ নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | ৬.২ সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগারএর ব্যবস্থা করা | ৬.২.১ নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| | | ৬.৩ সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালু করা | ৬.৩.১ সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |
| ০৭। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | ৭.১ অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৭.১.১ বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |



[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপ-পরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
ঢাকা বিভাগ, ঢাকা

তারিখ ২৭/০৬/২০১৬

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ ২৯.৬.২০১৬.

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১। | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ০২। | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ০৩। | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ০৪। | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ০৫। | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ০৬। | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ০৭। | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ০৮। | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।

| ক্রঃ নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | [১.১.১] প্রকাশিত বুলেটিন | বিভাগীয় অফিস কর্তৃক দৈনি কভিত্তিক বাজার দর (২২x১২=২৬৪টি) ও তুলনামূলক বুলেটিন (২২x১২=২৬৪টি) প্রকাশ করা। | সংশ্লিষ্ট বিভাগীয় অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত বুলেটিন এর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| ০২। | [১.১.২] প্রকাশিত প্রতিবেদন | জেলা অফিস কর্তৃক প্রকাশিত মাসিক ভিত্তিক মূল্য পরিস্থিতি প্রতিবেদন (১২x১৭=২০৪টি), মাসিক ভিত্তিক বীজের সরবরাহ ও মূল্য পরিস্থিতি প্রতিবেদন (১২x১৭=২০৪টি) এবং নির্ধারিত ১২ পন্যের উৎপাদন খরচ ও মূল্য বিস্তার প্রতিবেদন (১২x১৭=২০৪টি) প্রকাশ করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত প্রতিবেদন এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | উৎপাদন খরচ ও মূল্য বিস্তারের ক্ষেত্রে তালিকা হতে ১২ টি পন্য বিবেচনা করা যেতে পারে (ধান, গম, আলু, পিয়াজ, রসুন, আদা, হলুদ, পটল, টমেটো, শসা, বেগুন, মিষ্টি কুমড়া, ফুল কপি, বাধাকপি, লাউ, কলা, মসুর ডাল, মুগ ডাল, সরিষা, মুরগী (ব্রয়লার), মুরগী (সোনালী))। |
| ০৩। | [১.২.১] গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা (৩৫x১৭=৫৯৫ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন । | - |
| ০৪। | [১.২.২] বন্ধ বাজার চালুকৃত | সুষ্ঠু বিপণন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন এনসিডিপি/ পাবার বন্ধ বাজারে উপযুক্ত সংখ্যক ক্রেতা ও বিক্রেতাগনের সমাগম সৃষ্টি করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | চালুকৃত বন্ধ বাজারের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৫। | [১.২.৩] আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | বাজার নিয়ন্ত্রন আইনের আলোকে সংশ্লিষ্ট জেলায় বাজার উপদেষ্টা কমিটির সভা আহবান। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | অনুষ্ঠিত সভার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৬। | [১.২.৪] ইস্যুকৃত নুতন লাইসেন্স | বাজার নিয়ন্ত্রন আইনের অধীনে নুতন লাইসেন্স ইস্যু করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | ইস্যুকৃত নুতন লাইসেন্স সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৭। | [১.২.৫] নবায়নকৃত লাইসেন্সের (বিদ্যমান) হার | বাজার নিয়ন্ত্রন আইনের অধীনে বিদ্যমান লাইসেন্স নবায়ন করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বিদ্যমান লাইসেন্স নবায়নের হার এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ০৮। | [১.২.৬] জমাকৃত নন-ট্যাক্স রাজস্ব | ইস্যুকৃত নুতন লাইসেন্স ও নবায়নকৃত চলমান লাইসেন্সের ফি বাবদ আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব সরকারী কোষাগারে জমাদান। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সরকারী কোষাগারে জমাকৃত নন-ট্যাক্স রাজস্বের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রতিবেদন। | - |
| ০৯। | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয় (২০x১৭=৩৪০ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রতিবেদন। | |
| ১০। | [১.৩.২] বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক | জেলা অফিস কর্তৃক কৃষকদের বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (৩৫x১৭=৫৯৫ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১১। | [১.৩.৩] শগঋকভূক্ত প্রশিক্ষিত কৃষক | শগঋকভূক্ত কৃষক গ্রপের দলনেতাকে প্রশিক্ষন/ মোটিভেশন প্রদান করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষণ প্রাপ্ত গ্রুপ দলনেতার সংখ্যা এবং বিভাগ প্রতিবেদন। | - |
| ১২। | [১.৩.৪] শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষক | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের ঋণ/শস্য সংরক্ষন সুবিধা প্রদান করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৩। | [১.৩.৫] জমাকৃত শস্যের পরিমান | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের শস্য গুদামে সংরক্ষন/ জমা রাখা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | জমাকৃত শস্যের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৪। | [১.৩.৬] জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | শগঋকের আওতায় গ্রুপভূক্ত সদস্যদের গুদামে জমাকৃত শস্যের বিপরীতে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক কর্তৃক ঋণ প্রদান করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বিতরণকৃত ঋণের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫। | [১.৩.৭] আদায়কৃত ঋণের হার | শগঋকের আওতায় গ্রুপভূক্ত সদস্যদের জমাকৃত শস্যের বিপরীতে বিতরণকৃত ঋণ আদায় করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বিতরণকৃত ঋণ আদায়ের হার এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৬। | [১.৩.৮] বন্ধ পুরাতন শস্য গুদাম চালুকৃত | শগঋকের আওতাভূক্ত বন্ধ শস্য গুদাম চালু করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | চালুকৃত বন্ধ গুদামের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৮। | [১.৪.১] প্রযুক্তি ও কারিগরী সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | জেলা অফিস কর্তৃক কৃষি প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাকে প্রযুক্তি ও কারিগরী বিষয়ে সহায়তা প্রদান (১৫×১৭=২৫৫ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সহায়তা প্রাপ্ত প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১৯। | [১.৪.২] প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রক্রিয়াজাতকারীগনকে প্রশিক্ষণ প্রদান করা (১২×১৭=২০৪ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষি প্রক্রিয়াজাতকারীর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ২০। | [১.৪.৩] বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা | জেলা অফিস কর্তৃক কৃষি ব্যবসায় উদ্যোক্তাকে বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (১৫×১৭=২৫৫ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ২১। | [১.৪.৪] প্রসেসিং সেন্টারের সুবিধা প্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | বিদ্যমান প্রসেসিং অবকাঠমো সুবিধা ব্যবহারের লক্ষ্যে কৃষি প্রক্রিয়াজাতকারীগনকে সহায়তা প্রদান। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সুবিধাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারীর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |

**সংযোজনী ৩** :অন্যান্য প্রতিষ্ঠানের/ঢাকা বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |